# দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

খাজনার জমিতে উৎপাদিত শস্যের যাকাতের বিধান

যে জমির খাজনা দিতে হয় সে জমি হতে উৎপাদিত শস্যের ওশর বা যাকাত আদায় করতে হবে। ওমর বিন আব্দুল আযীয (রহঃ)-কে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি বলেন,

الْخَرَاجُ عَلَى الأَرْضِ وَفِيْ الْحَبِّ الزَّكَاةُ-

‘খাজনা হল জমির উপর এবং যাকাত (ওশর) হল ফসলের উপর’।[1]

পক্ষান্তরে খাজনার জমিতে ওশর দিতে হয় না মর্মে নিম্নোক্ত দলীল পেশ করা হয়ে থকে, لاَ يَجْتَمِعُ عَلَى الْمُسْلِمِ خِرَاجٌ وَعُشْرٌ- ‘মুসলমানের উপর একই সাথে খাজনা ও ওশর একত্রিত হয় না’।[2]

ইমাম বায়হাক্বী (রহঃ) উল্লিখিত হাদীছটিকে বাতিল বলে উল্লেখ করেছেন। কারণ উল্লিখিত হাদীছের বর্ণনাকারী ইয়াহইয়া ইবনু আনবাসাহ্ হাদীছ জাল করার দোষে দুষ্ট।[3]

## ফুটনোট

[1]. সুনানুল কুবরা লিল বায়হাক্বী হা/৭৭৪৬।

[2]. সুনানুল কুবরা লিল বায়হাক্বী হা/৭৭৪৮।

[3]. তদেব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3325

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন